



রাজশাহী বিশ্ববিদ্যালয়

ইউনিট: A (কলা, আইন, সামাজিক বিজ্ঞান ও চারুকলা অনুষদ এবং শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট)
১ম বর্ষ (সম্মান) ভর্তি পরীক্ষা ২০২০-২০২১

সূত্র: ২২৭/০২১/কঅ/৩১৫

তারিখ: ১০.১০.২০২১

নোটিশ

ইউনিট A (কলা অনুষদ, আইন অনুষদ, সামাজিক বিজ্ঞান অনুষদ, চারুকলা অনুষদ এবং শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট-এর ২০২০-২০২১ শিক্ষাবর্ষের ১ম বর্ষ বিএ/বিপিএ/এলএলবি/বিএসএস/বিএফএ/বিএড (সম্মান) ভর্তি পরীক্ষার ফলাফল প্রাথমিকভাবে প্রকাশ করা হলো। MCQ পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে তৈরী মেধাক্রম অনুযায়ী গ্রুপ-১ থেকে ৩০০০ জন, গ্রুপ-২ থেকে ৩০০০ জন এবং গ্রুপ-৩ থেকে ৩০০০ জনসহ সর্বমোট ৯০০০ জনের ফলাফল প্রকাশ করা হলো। প্রকাশিত রোল নম্বরধারী পরীক্ষার্থীদের Subject Choice আগামী ১৩ অক্টোবর থেকে ১৬ অক্টোবর ২০২১ পর্যন্ত অনলাইনে নির্ধারিত ফরমে বাধ্যতামূলকভাবে পূরণ করতে হবে। বিভিন্ন কোটায় আবেদনকারী পরীক্ষার্থী যারা ভর্তি পরীক্ষায় ন্যূনতম ৪০ নম্বর পেয়েছে, তাদেরও ১৩ অক্টোবর থেকে ১৬ অক্টোবর ২০২১ পর্যন্ত Subject Choice Form পূরণ করতে হবে। নির্ধারিত সময়ের পর Subject Choice-এর বিষয়টি আর বিবেচিত হবে না।

গ্রুপ-১ থেকে মেধাক্রম ১ থেকে ১৫০০ পর্যন্ত, গ্রুপ-২ থেকে মেধাক্রম ১ থেকে ১৫০০ পর্যন্ত এবং গ্রুপ-৩ থেকে মেধাক্রম ১ থেকে ১৫০০ পর্যন্ত পরীক্ষার্থীদের সাক্ষাৎকার ১৮ অক্টোবর ২০২১ সকাল ৯ টা থেকে দুপুর ২টা পর্যন্ত অনুষ্ঠিত হবে। গ্রুপ-১ থেকে মেধাক্রম ১৫০১ থেকে ৩০০০ পর্যন্ত, গ্রুপ-২ থেকে মেধাক্রম ১৫০১ থেকে ৩০০০ পর্যন্ত এবং গ্রুপ-৩ থেকে মেধাক্রম ১৫০১ থেকে ৩০০০ পর্যন্ত পরীক্ষার্থীদের সাক্ষাৎকার ১৯ অক্টোবর ২০২১ সকাল ৯ টা থেকে দুপুর ২টা পর্যন্ত অনুষ্ঠিত হবে। পোষ্য কোটার সাক্ষাৎকার ১৯ অক্টোবর ২০২১ সকাল ৯ টা থেকে দুপুর ২টা পর্যন্ত অনুষ্ঠিত হবে।

মুক্তিযোদ্ধা ও ক্ষুদ্র নৃ-গোষ্ঠী কোটার ভর্তি সংক্রান্ত সাক্ষাৎকার ছাত্র উপদেষ্টার দপ্তর এবং শারীরিক প্রতিবন্ধী কোটার ভর্তি সংক্রান্ত সাক্ষাৎকার প্রধান চিকিৎসকের দপ্তরে অনুষ্ঠিত হবে। এ বিষয়ে উক্ত দপ্তর দুইটি থেকে যথাসময়ে বিজ্ঞপ্তি ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

সাক্ষাৎকারের ভিত্তিতে আগামী ২৪/১০/২০২১ তারিখে বিভাগের নির্ধারিত আসন সংখ্যা অনুযায়ী ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীদের চূড়ান্ত তালিকা রাজশাহী বিশ্ববিদ্যালয় ওয়েবসাইটে (www.ru.ac.bd) প্রকাশ করা হবে। মেধা তালিকাভুক্ত পরীক্ষার্থীদের ভর্তি কার্যক্রম ২৫/১০/২০২১ তারিখ থেকে ২৮/১০/২০২১ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে। পরবর্তীতে আসন শূন্য হওয়া সাপেক্ষে শুধুমাত্র ভর্তি হওয়া ছাত্র-ছাত্রীদের Subject Choice ক্রমানুসারে স্বয়ংক্রিয়ভাবে বিভাগ পরিবর্তন করা হবে এবং নোটিশের মাধ্যমে জানানো হবে। এজন্য প্রার্থীকে বিশ্ববিদ্যালয়ে আসতে হবে না। এ ক্ষেত্রে পরীক্ষার্থী পছন্দের Subject পেলে স্বয়ংক্রিয় বিভাগ পরিবর্তন বন্ধ করতে পারবে। সে ক্ষেত্রে বিষয়টি আই.সি.টি সেন্টারকে অবহিত করতে হবে। আসন ফাঁকা থাকার সাপেক্ষে ভর্তির জন্য অপেক্ষমান তালিকা ২৯/১০/২০২১ তারিখে রাজশাহী বিশ্ববিদ্যালয় ওয়েবসাইটে (www.ru.ac.bd) প্রকাশ করা হবে।

লিখিত/ব্যবহারিক পরীক্ষার সময়সূচি

- (ক) ইংরেজী বিভাগের লিখিত পরীক্ষা ড. মুহম্মদ শহীদুল্লাহ একাডেমিক ভবন-এ ১৯ অক্টোবর ২০২১ তারিখে সকাল ১১.০০-১২.০০ টা পর্যন্ত অনুষ্ঠিত হবে।
- (খ) চারুকলা অনুষদভুক্ত তিনটি বিভাগের ব্যবহারিক পরীক্ষা ২৮ অক্টোবর ২০২১ তারিখে সকাল ১১.০০-১২.০০টা পর্যন্ত অনুষ্ঠিত হবে।
- (গ) সঙ্গীত বিভাগের ব্যবহারিক পরীক্ষা ২৫, ২৬, ২৭ অক্টোবর ২০২১ তারিখে উক্ত বিভাগের সিডিউল অনুযায়ী অনুষ্ঠিত হবে।
- (ঘ) নাট্যকলা বিভাগের ব্যবহারিক পরীক্ষা ২৫, ২৬, ২৭ অক্টোবর ২০২১ তারিখ উক্ত বিভাগের সিডিউল অনুযায়ী অনুষ্ঠিত হবে।

সাক্ষাৎকারের সময় প্রার্থীকে নিম্নে উল্লিখিত কাগজপত্র অবশ্যই সঙ্গে আনতে হবে-

- (১) ভর্তি পরীক্ষার কক্ষে পরিদর্শক কর্তৃক স্বাক্ষরিত প্রবেশপত্র।
- (২) Subject Choice Form-এর প্রিন্ট কপি।
- (৩) এস.এস.সি/সমমান ও এইচ.এস.সি/সমমান পরীক্ষার মূল মার্কশীট।
- (৪) এইচ.এস.সি. মূল রেজিস্ট্রেশন কার্ড।

অনলাইনে পছন্দক্রম পূরণ সংক্রান্ত কারিগরি সমস্যার জন্য হেল্পলাইন ০১৭০৩-৮৯৯৯৭৩

প্রকাশিত ফলাফলে কোন ভুল-ত্রুটি পরিলক্ষিত হলে তা সংশোধন/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।



(প্রফেসর ড. মো. ফজলুল হক)

ডীন, কলা অনুষদ

ও

চীফ কো-অর্ডিনেটর

ইউনিট : A (কলা, আইন, সামাজিক বিজ্ঞান ও চারুকলা অনুষদ এবং শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট)

১ম বর্ষ (সম্মান) ভর্তি পরীক্ষা, ২০২০-২০২১

রাজশাহী বিশ্ববিদ্যালয়